দৈনিক বাংলা

তারিখ 17/11/78
পৃষ্ঠা ৪ কলাম 7

140

# সংবাদ সংক্ষেপ

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মীর আবদুল বাতেন বুধবার এক বিবৃতিতে সাতদফা দাবী মেনে নিয়ে উদ্ভূত পরিস্থিতির আশু অবসান ঘটানোর আহবান জানিয়েছেন। বিবৃতিতে তিনি জানান, দেশের সরকারী মাধ্যমিক স্কুল সমূহের সকল স্তরের শিক্ষকদের সাতদফা দাবী আদায়কল্পে বুধবার কর্মবিরতির ৪৩ দিন অতিবাহিত হয়েছে। এতে ছাত্রছাত্রীদের লেখাপড়ার যথেষ্ট ক্ষতি হয়েছে।

**পলিটেকনিক শিক্ষকদের পূর্ণ কর্ম বিরতি**

বিভিন্ন দাবী আদায়কল্পে দেশের সতেরটি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষকদের পূর্ণ কর্ম বিরতি অব্যাহত রয়েছে। গত ২৭শে অক্টোবর থেকে পলিটেকনিক শিক্ষকগণ তৃতীয় বারের মত এই কর্ম বিরতি পালন করে আসছেন।

বাংলাদেশ জনস্বাস্থ্য প্রকৌশল কর্মচারী ইউনিয়নের উদ্যোগে আগামী ১৯শে নভেম্বর বেলা দশটায় ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনে এক কর্মি সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি থাকবেন স্থানীয় স্বায়ত্তশাসন, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ক্যাপ্টেন (অবসর) আবদুল হালিম চৌধুরী।

**বিআরটিসি শ্রমিক**

বাংলাদেশ সড়ক পরিবহণ সংস্থা শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের কেন্দ্রীয় কর্ম পরিষদ ও শাখা কমিটির সভাপতি-সম্পাদকদের যৌথ সভা আগামী শনিবার বিকাল তিনটায় কল্যানপুর বাস ডিপোতে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে।